আজকের কাগজ

তারিখ 07 DEC 1992
পৃষ্ঠা ১৬ কলাম ২

# চট্টগ্রামে পৃথক শিক্ষা বোর্ডের দাবিতে স্মারকলিপি পেশ

**চট্টগ্রাম অফিস :** শিক্ষা অধিকার বাস্তবায়ন কমিটি চট্টগ্রামে পূর্ব-প্রতিশ্রুত পৃথক শিক্ষা বোর্ড প্রতিষ্ঠা, কুমিল্লা বোর্ড কর্তৃক আরোপিত ভর্তি কোটা প্রত্যাহার, কলেজসমূহে দুই শিফট চালু, ভর্তির বিলম্ব ফিস বাতিলসহ তাদের বিভিন্ন দাবি বাস্তবায়নের জন্যে বর্তমান সরকারের প্রতি আহবান জানিয়েছেন।

গতকাল রোববার বিভাগীয় কমিশনারের কাছে দেয়া এক স্মারকলিপিতে এ দাবি জানানো হয়।